**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল**
গ্রীন ডেল্টা এইমস টাওয়ার (১১ তলা)
৫১-৫২ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

**বিষয়: ১৬ নভেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১-২২ অর্থ বছরে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের নির্বাহী কমিটির ১৪তম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ<br>চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল |
| সভার তারিখ | : | ১৬.১১.২০২১ |
| সভার সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা |
| উপস্থিতি | : | জনাব ইসতিয়াক আহমদ, সদস্য, বিএসি, ঢাকা<br>প্রফেসর ড. মো. গোলাম শাহি আলম, সদস্য, বিএসি, ঢাকা<br>প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী, সদস্য, বিএসি, ঢাকা<br>প্রফেসর ড. এস এম কবীর, সদস্য, বিএসি, ঢাকা |

কাউন্সিলের সচিব প্রফেসর এ.কে.এম. মুনিরুল ইসলাম সভায় উপস্থিত থেকে কাউন্সিল সভার সাচিবিক দায়িত্ব পালন করেন।

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে কাউন্সিলের নির্বাহী কমিটির ২০২১-২২ অর্থ বছরের ১৪তম সভা ১৬ নভেম্বর, ২০২১ খ্রি. তারিখে কাউন্সিলের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করলে কাউন্সিলের সচিব সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-১। ০৭.১১.২০২১ তারিখের নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;**

**উপস্থাপনা:** কাউন্সিলের ০৭.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ জন্য সভায় উপস্থাপন করা হয়।

**আলোচনা:** বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ০৭.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভার উপস্থাপিত কার্যবিবরণী পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উপস্থাপিত কার্যবিবরণী নিশ্চিতকরণে সকলে একমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:** কাউন্সিলের ০৭.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হলো।

**আলোচ্যসূচি-২। ০৭.১১.২০২১ তারিখের নির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;**

**উপস্থাপনা:** বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ০৭.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়।

**আলোচনা:** বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ০৭.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বাস্তবায়ন অগ্রগতিতে সভার সকলে সন্তোষ প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ০৭.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

**আলোচ্যসূচি-৩। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের গবেষণা নীতিমালার খসড়া পর্যালোচনাপূর্বক চূড়ান্তকরণ;**

**উপস্থাপনা:** কাউন্সিলের গবেষণা নীতিমালার খসড়া পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধন করা হয়েছে। সংশোধিত খসড়া পর্যালোচনাপূর্বক চূড়ান্তকরণের জন্য উপস্থাপন করা হয়;

**আলোচনা:** বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২১ এর খসড়া পর্যালোচনা করা হয়। পর্যালোচনাপূর্বক গবেষণা নীতিমালা কাউন্সিল সভায় অনুমোদনের জন্য পেশ করার বিষয়ে সভার সকলে অভিমত ব্যক্ত করেন।
**সিদ্ধান্ত:** বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২১ এর খসড়া অনুমোদনের জন্য কাউন্সিল সভায় উপস্থাপনের করা হবে।

**আলোচ্যসূচি-৪। কাউন্সিলের কোয়ালিটি অ্যাসুরেন্স (কিউএ) প্রফেসনালদের তালিকা প্রণয়ন;**
**উপস্থাপনা:** অ্যাক্রেডিটেশনের জন্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/অ্যাকাডেমিক প্রোগ্রামের বহিঃস্থ গুণগতমান নিরূপণ ও অ্যাক্রেডিটেড উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও অ্যাকাডেমিক প্রোগ্রামের অ্যাকাডেমিক নিরীক্ষার জন্য যোগ্যতাসম্পন্ন বিশেষজ্ঞদের একটি তালিকা কাউন্সিল কর্তৃক অনুমোদন করা প্রয়োজন। কাউন্সিলের নির্বাহী কমিটি দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ ও যোগ্যতাসম্পন্ন ১৮০ (একশত আশি) জন শিক্ষকের নিকট থেকে নির্ধারিত ছকে সংশ্লিষ্ট বিষয়ে তাঁদের অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হয়। সংগৃহীত তথ্য অনুযায়ী তাঁদের যোগ্যতা, অভিজ্ঞতা বিবেচনা করে কাউন্সিলের নির্বাহী কমিটির সভায় ৬৪ (চৌষট্টি) শিক্ষকের একটি প্রাথমিক খসড়া তালিকা প্রস্তুত করা হয়। প্রাথমিকভাবে নির্বাচিত ৬৪ (চৌষট্টি) শিক্ষককে চারটি গ্রুপে বিভক্ত করে অ্যাক্রেডিটেশন সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। নির্বাহী কমিটির সভায় প্রাথমিক খসড়া তালিকা নিয়ে বিস্তারিত আলোচনা ও তালিকা প্রণয়নের জন্য উপস্থাপন করা হলো।

**আলোচনা:** সভায় তাঁদের যোগ্যতা, অভিজ্ঞতা এবং কর্মশালায় প্রদর্শিত কর্মদক্ষতা বিবেচনা করে কাউন্সিল সভায় পেশ করার জন্য ৩০ (ত্রিশ) শিক্ষকের একটি খসড়া তালিকা প্রস্তুত করা হয় (সংযুক্ত)। কাউন্সিলের নির্বাহী কমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়া তালিকা অনুমোদনের নিমিত্ত কাউন্সিল সভায় পেশ করার বিষয়ে সভায় সকলে একমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:** অ্যাক্রেডিটেশনের জন্য কিউএ প্রফেসনালদের চূড়ান্ত করা হলো যা কাউন্সিল সভায় অনুমোদনের জন্য পেশ করা হবে।

**আলোচ্যসূচি-৫। কাউন্সিলের রিসোর্স পার্সনগণের ভ্রমণ ব্যয়ের হার নিরূপণের সম্ভাব্যতা যাচাই;**
**উপস্থাপনা:** কাউন্সিলের রিসোর্স পার্সনগণের ভ্রমণ ব্যয়ের হার নিরূপণের সম্ভাব্যতা যাচাইকরণ বিষয়ে সিদ্ধান্তে জন্য সভায় উপস্থাপন করা হয়।
**আলোচনা:** কাউন্সিলের রিসোর্স পার্সনগণের ভ্রমণ ব্যয়ের হার আরো পরীক্ষা নিরীক্ষা করে পরবর্তীতে উপস্থাপন করার বিষয়ে সভায় সকলে একমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:** কাউন্সিলের রিসোর্স পার্সনগণের ভ্রমণ ব্যয়ের হার আরো পরীক্ষা নিরীক্ষা করে পরবর্তীতে উপস্থাপন করা হবে।

**আলোচ্যসূচি-৬।** তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে কাউন্সিলের যাবতীয় তথ্যের তৈরিকৃত ক্যাটাগরি ও ক্যাটালগ অনুমোদন;
**উপস্থাপনা:** তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে কাউন্সিলের যাবতীয় তথ্যের একটি ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি করা হয়েছে। তৈরিকৃত ক্যাটাগরি ও ক্যাটালগ কাউন্সলের নির্বাহী কমিটির সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়;
**আলোচনা:** তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে কাউন্সিলের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ যথাযথ আছে মর্মে সভায় অভিমত প্রকাশ করে সকলে ক্যাটাগরি ও ক্যাটালগ অনুমোদনের বিষয়ে একমত প্রকাশ করেন।
**সিদ্ধান্ত:** তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে কাউন্সিলের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ অনুমোদন করা হলো।

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন

(প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ)
চেয়ারম্যান
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

স্মারক নং- বিএসি/কা: ও প্রশা: /নি:ক: সভা/২০২১/৫১৫৬

তারিখ: ০১ অগ্রহায়ন, ১৪২৮ বঙ্গাব্দ
১৬ নভেম্বর, ২০২১ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। জনাব ইসতিয়াক আহমদ, সদস্য, বিএসি, ঢাকা।
২। প্রফেসর ড. মো. গোলাম শাহি আলম, সদস্য, বিএসি, ঢাকা।
৩। প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী, সদস্য, বিএসি, ঢাকা ।
৪। প্রফেসর ড. এস এম কবীর, সদস্য, বিএসি, ঢাকা।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৬। অফিস কপি।

(প্রফেসর এ কে এম মুনিরুল ইসলাম)
সচিব
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)**
গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (লেভেল-১০)
৫১-৫২, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.bac.gov.bd


স্মারক নং- বিএসি/কা: ও প্রশা: /নি:ক: সভা/২০২১/৫১৩৮

তারিখ: ৩০ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ নভেম্বর, ২০২১ খ্রি.

## সভার নোটিশ

২০২১-২২ অর্থ বছরে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের নির্বাহী কমিটির ১৪তম সভা আগামী ১৬.১১.২০২১ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় কাউন্সিলের চেয়ারম্যান এবং নির্বাহী কমিটির সভাপতি প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। কাউন্সিলের সভা কক্ষে অনুষ্ঠিতব্য সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### -ঃ সভার আলোচ্যসূচি ঃ-

১. ০৭.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১-২১ অর্থ বছরের ১৩তম নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;
২. ০৭.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১-২১ অর্থ বছরের ১৩তম নির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
৩. বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের গবেষণা নীতিমালার খসড়া পর্যালোচনাপূর্বক চূড়ান্তকরণ;
৪. কাউন্সিলের কোয়ালিটি অ্যাসুরেন্স (কিউএ) প্রফেসনালদের প্রাথমিক তালিকা প্রণয়ন;
৫. তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে কাউন্সিলের যাবতীয় তথ্যের তৈরিকৃত ক্যাটাগরি ও ক্যাটালগ অনুমোদন;
৬. বিবিধ।

(প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম)
সচিব
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতারক্রম অনুযায়ী নয়)
১-৪. সকল পূর্ণকালীন সদস্য, বিএসি, ঢাকা-১২১২
৫-৬. সকল পরিচালক, বিএসি, ঢাকা-১২১২
০৭. চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা-১২১২
০৮. মো: আবু সাঈদ, প্রশাসনিক কর্মকর্তা (আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য), বিএসি, ঢাকা-১২১২
০৯. অফিস কপি।